6793

DISTRICT ... REGISTRAR

11/4/85

৫৩৮৩, পাঁচ হাজার তিনশত তিরাশি টাকা পণমূল্যে খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমা আমাদের নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমরা অত্র কোবালা দাতা ও দাত্রিগণ আপনাদের প্রস্তাবিত পণমূল্য ন্যায়সঙ্গত বিবেচনা করিয়া উক্ত পণমূল্যেই উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমিজমা আপনাদের নিকট বিক্রয় করিতে রাজি থাকিয়া অদ্যকার তারিখে আপনাদের নিকট হইতে পণের সমুদয় টাকা একলীন নগদ গ্রহণ করিয়া এবং তাহার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয়কোবালা দলিল সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :—

বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত ও নকসায় প্রদর্শিত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, সামিত্ব, লভ্য, দখল, অধিকার, স্বার্থ সংশ্রব, হক হকিয়ত, দাবি দাওয়া প্রভৃতি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে অত্র কোবালা বলে আমাদের হইতে চিরতরে রদ, রহিত, ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনাদের ও ওয়ারিশানগণক্রমে আপনাদিগতে চিরতরে অর্শিল, বর্ত্তিল ও পর্যাপ্ত হইল। আপনারা আমাদের বিক্রীত তপশীলবর্ণিত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া উপরিস্থিত মালিক সরকার সেরেস্তায় ও কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানে আমাদের নামের পরিবর্তে আপনাদের নিজ নাম পত্তন করতঃ ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া নিজ নামে দাখিলা ও বিলাদি গ্রহণে উহা দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি সকলপ্রকার হস্তান্তর, অবস্থান্তর ও সর্ববিধ রূপান্তর করণের ক্ষমতাযুক্তে আপনারা মায় আপনাদের পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে যদৃচ্ছামত ব্যবহারে পরমসুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমরা কিম্বা আমাদের ওয়ারিশানগণক্রমে কেহ কস্মিনকালে কোনপ্রকার ওজর আপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা অত্র দলিল বনিয়াদে সর্বস্থানে এবং সর্বপ্রকার অফিস আদালতে আইনতঃ অসিদ্ধ, অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

বিক্রীত তপশীল বর্ণিত জমিজমা আমরা ইতিপূর্বে অন্য কাহাকে দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি কোনপ্রকারে হস্তান্তর কিম্বা হস্তান্তরের কোনপ্রকার চুক্তি কিম্বা অন্য কোন প্রকারে দায় সংযোগ বা দায়াবদ্ধ করি নাই বা করা নাই। উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে। উহা সরকার কর্তৃক ভেস্ট হয় নাই। উহাতে অন্য কোন শরিক, অংশীদার বা দাবিদার নাই। উহা কোন এ্যাকুইজিশান বা রিকুইজিশানে গৃহীত হয় নাই। বা সেকারণে অদ্যাবধি কোন নোটিশাদি পাই নাই।

THE DISTRICT SUB-REGISTRAR ... ALIPORE

Sub-Registrar
24-Parganas
4/4/85

উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় এবং মুক্ত অবস্থায় আমাদের খাসে ও দখলে থাকাকালীন আপনাদের নিকট বিক্রয় করিয়া উহার খাস দখল অদ্যই আপনাদের অনুকূলে পরিত্যাগ করিলাম ।

যদি ভবিষ্যতে অত্র দলিলে আমাদের বর্ণিত উক্তি সমূহের মধ্যে কোন উক্তি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পাইয়া তপশীল বর্ণিত সম্পত্তিতে আপনাদের ভোগদখলের পক্ষে কোন বাধা বিঘ্ন ঘটে এবং তাহা মোচন করিতে আমরা অসমর্থ হইলে আপনাদের দেওয়া পণের টাকা মায় যাবতীয় ক্ষতি খরচার টাকা সহ ফেরত দিতে বাধ্য থাকিয়া মাফিক আইন আমলে আসিব ।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং তজ্জন্য কোন সংশোধনী বা পোষক দলিল করিবার আবশ্যক হইলে তাহাও আপনাদের খরচায় আপনাদের তলবমত আমরা বেওজর ও বিনাপণে উক্ত প্রকার দলিলাদি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে , সরল মনে , অন্যের বিনা অনুরোধে , বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া , পণের সমুদয় টাকার প্রাপ্তি স্বীকারে , স্বেচ্ছায় ও সজ্ঞানে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সম্পাদন করিলাম ।ইতি তারিখ - বাংলা সন ১৩৯১ সালের ২১শে চৈত্র ইংরাজি ১৯৮৫ সালের - ৪ঠা এপ্রিল

বিক্রীত তপশীল সম্পত্তির পরিচয় :-

**************************

জেলা ২৪ পরগণা , থানা সাবেক সদর টালিগঞ্জ , তৎপরে যাদবপুর , বর্তমানে কশবা থানার অন্তর্গত , পরগণা খাসপুর , সাবরেজিষ্ট্রী আলিপুর , কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের অন্তর্গত , জেলা কালেকটারীর ৩-৫ , ১২ নং তৌজির মহালভুক্ত , রেঃ সাঃ নং ২ , জেঃ এলঃ ২০ নং মৌজা — কালিকাপুর গ্রামে উর্দ্ধতন মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিন রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক ১৫৫ নং খতিয়ানভুক্ত মোট ৮০১১ শতক জমির কাত বার্ষিক ৩১ , টাকা জমার জমি মধ্যে সাবেক খতিয়ান ১৫৫ হাল ১৬১ নং খতিয়ান অধিন সাবেক $\frac{৩০৬}{৩১৩}$ তিনশত ছয় বাটা তিনশত তের নং দাগ হাল ৩৬৫ তিন শত পঁয়ষট্টি নং দাগে ৩ তিন কাঠা ৯ নয় ছটাক ১৯ উনিশ স্কোয়ার ফুট পরিমিত শালি জমি যাহা অত্র দলিল সাথ সংযোজিত

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ... 24 PARGANAS

4/4/85


# LAY OUT SCHEME PLAN PORTION OF R.S. PLOT NO. 365, IN MOUZA - KALIKAPUR, J.L. NO. 20, P.S. KASBA, DIST. 24-PARGANAS, CALCUTTA MUNICIPAL CORPORATION.




SCALE 1" = 50'

SELL AREA SHOWN IN RED BORDER.

| SCHEME PLOT NO. | PORTION OF R.S. PLOT NO. | AREA K. | AREA CH. | AREA SFT. |
|---|---|---|---|---|
| 2 | 365 | 3 | 9 | 19 |




S. nandy.
Surveyor.
16.9.84

Plan pasted in
Registered in
Book I
vol no — 77
pages — 506
Being no — 4573
for the year 1985
Sd/ K. Chakraborty
D. S. R
18/2/86

4/4/85

।। ৮ ।।

নকসায় লাল রঙের সীমারেখা দ্বারা সীমাচিহ্নিত করিয়া প্রদর্শিত এবং ২ নং স্কীমপ্লটভুক্ত হিসাবে প্রদর্শিত রহিল তাহা মায় সংলগ্ন দক্ষিণ পার্শ্বস্থ ৩০' ত্রিশ ফুট প্রশস্ত রাস্তার উপরি ও তলদেশের যাবতীয় ইজমেন্ট রাইট সমেত সম্পত্তি অত্র দ. ব বিক্রীত সম্পত্তি হইতেছে। তাহার বার্ষিক হারাহারি খাজনা '২৫ পয়সা মাত্র।

তাহার চৌহদ্দি :-
* *** ******* **

উত্তর :- ১৩ নং স্কীমপ্লট,
দক্ষিণ :- ৩০' ফুট প্রশস্ত রাস্তা।
পূর্ব :- ৩ নং স্কীমপ্লট,
পশ্চিম :- ১ নং স্কীমপ্লট।

পণের টাকার ব :-
* ************

অদ্য নোটে ও নগদে প্রাপ্ত - - - - - - - - ৫৩৮৩, টাকা।
সবলগে পাঁচ হাজার তিনশত তিরাশি টাকা মাত্র।

শ্রী পল্লব কুমার দেব

ইসাদী :-

(১) [illegible]

(২) শ্রী গোপাল দাস [illegible]
মুকুন্দপুর কলোনী,
কলিকাতা ৭৮

মুসাবিদাকারক :-
* * **** *** * * *

[signature]
দলিল লেখক, আলিপুর।
লাইসেন্স নং - ১২৯।

টাইপকারক :-
* **** * ***

[signature]
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ২৭।

Book I

Volume No. 77

Pages 496 to 526

Being No. 4573

For the Year 19 85

4/4/85

18/2/86